উন্নয়নের গনতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং- ৪৬.০৩.০৭০০.৪০১.০৬.০০২.২২ -৯৪

তারিখঃ ০৩/০৮/২০২২ খ্রিঃ।

**বিষয় ঃ জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির আগস্ট/২২ইং মাসের সভা অনুষ্ঠান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৭/০৮/২২ খ্রিঃ রোজঃ রবিবার সকাল ১০:৩০ ঘটিকায় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষে জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্তসভায় সংশ্লিষ্ট সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

আলোচ্যসূচিঃ-
১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
২। জনস্বাস্থ্য ও স্যানিটেশন সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক চলমান বিভিন্ন প্রকল্পের কার্যক্রম নিয়ে আলোচনা।
৪। গত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৫। বিবিধ।

Aman 03/08/2022

(আমান উল্লাহ)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং- ৪৬.০৩.০৭০০.৪০১.০৬.০০২.২২ -৯০

তারিখঃ ০৩/০৮/২০২২ইং

অনুলিপি ঃ
১। ভাইস চেয়ারম্যান ও সভাপতি, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
২। ..........................................................সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
৩। উপজেলা চেয়ারম্যানের ব্যক্তিগত সহকারী, চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। উপজেলা নির্বাহী অফিসারের ব্যক্তিগত সহকারী, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। অফিস কপি।

Aman 03/08/2022

(আমান উল্লাহ)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

CamScanner

## জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির আগস্ট/২০২২ইং মাসের সভার কার্যবিবরণী ঃ

**সভার স্থান** ঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
**সভার তারিখ ও সময়** ঃ ০৭/০৮/২০২২ ইং, সময় ঃ সকাল- ১০:৩০ ঘটিকা।
**সভাপতি** ঃ জনাবা সাবিত্রী রানী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর।

**উপস্থিত সদস্যগন ঃ**

১। জনাবা সাবিত্রী রানী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৩। জনাব, চেয়ারম্যান, চান্দুরা ইউনিয়ন পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৪। জনাব, চেয়ারম্যান, পত্তন ইউনিয়ন পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৫। জনাব আমান উল্লাহ, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার মূল কার্যক্রম শুরু করার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করেন। এরপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

উপ-সহকারী প্রকৌশলী বিজয়নগর উপজেলায় জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির সভায় উপস্থিত হওয়ায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার বক্তব্য শুরু করেন। তিনি সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের (PSWSC) আওতায় ২৬০ টি সাবমার্সেবল পাম্পযুক্ত গভীর ও অগভীর নলকূপের মধ্যে অগভীর নলকূপের কাজ শেষ এবং ২০২২-২০২৩ইং অর্থ বছরে গভীর নলকূপের স্থান নির্বাচনের কাজ চলমান রয়েছে। হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ,স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় ২৮২ টি সাব-মার্সেবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপনের কাজ প্রায় শেষ ও ৫০ টি ইম্পুভড টয়লেট এর কাজ শেষ হয়েছে। হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ,স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় ৪৩৩ টি নলকূপের মধ্যে ৩৫৭ টি সাব-মার্সেবল পাম্পযুক্ত গভীর নলকূপ ৪৬টি ৬নং গভীর ও ৩০টি তারা গভীর নলকূপ ও ১৫৫ টি ইম্পুভড টয়লেট এর স্থান নিবার্চন ও নির্মাণ কাজ চলমান রয়েছে । তাছাড়া PEDP-4 প্রকল্পের আওতায় চারটি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ প্রায় শেষ। জিপিএস ও এনএনজিপিএস প্রকল্পের আওতায় ২১টি বিদ্যালয়ে পানির উৎস স্থাপনের কাজ চলমান রয়েছে।

পাশাপাশি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বিজয়নগর উপজেলার মাঠ পর্যায়ে স্থাপিত সরকারী নলকূপ সমূহ অধিদপ্তরের জনবল দ্বারা পরিদর্শণ ও মেরামতের কাজ চলমান রয়েছে। পাশাপাশি PEDP-3 প্রকল্পের আওতায় অত্র উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত গভীর নলকূপ ও ওয়াশব্লক সমূহের নিয়মিত পরিদর্শণ ও মেরামত কাজ চলমান রয়েছে। উপজেলার সকল ইউনিয়নে আর্সেনিক পরীক্ষার কাজ চলমান রয়েছে।

CamScanner

**সিদ্ধান্তঃ** সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বরাদ্দকৃত সাবমার্সেবল পাম্পযুক্ত নলকূপ সমূহের কাজ ও স্থান নির্বাচন সুষ্ঠভাবে তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ,স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের নলকূপ ও ইম্পুভড টয়লেট এর স্থান নির্বাচন এর কাজ সুষ্ঠ ভাবে তদারখি করা হয় সে দিকে লক্ষ্য রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ইম্পুভড টয়লেট ও PEDP-4 এর ওয়াশব্লক এর কাজ সুষ্ঠভাবে তদারকি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত নলকূপ সমূহ নিয়মিত পরিদর্শণ ও মেরামত করে সচল রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে কার্যক্রম পরিচালনা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। পাশাপাশি স্যানিটেশন কার্যক্রমের আওতায় বিভিন্ন এলাকায় খোলা ল্যাট্রিন পরিদর্শন ও স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপনে জনগনকে উদ্বুদ্ধ করার জন্য কাজ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগনকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সাবিত্রী রানী )
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং- ৪৬.০৩.০৭০০.৪০১.০৬.০০২.২২- ১৮

তারিখঃ ০৭/০৮/২০২২ ইং।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ**

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৪। জনাব.............................................সভাপতি/সদস্য/সদস্য সচিব, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি, বিজয়নগর,ব্রাহ্মণবাড়িয়া।

07/08/2022

(আমান উল্লাহ)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

CamScanner